মুজিবনগরে বেগম খালেদা জিয়ার মাগফেরাত কামনায় ছাত্রদলের দোয়া মাহফিল

মুজিবনগরে মেহেরপুর জেলা ছাত্রদলের আয়োজনে বিএনপি’র চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী মরহুমা বেগম খালেদা জিয়ার আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নে অবস্থিত দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র কার্যালয়ে এ দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান।

এসময় জেলা ও উপজেলা ছাত্রদল, যুবদল এবং বিএনপি’র বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দোয়া মাহফিলে বিএনপি’র চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী মরহুমা বেগম খালেদা জিয়ার আত্মার মাগফেরাত কামনায় বিশেষ মোনাজাত করা হয়।

চুয়াডাঙ্গায় বেগম খালেদা জিয়ার বিদেহী আত্মার মাগফেরাত কামনায় ছাত্রদলের দোয়া মাহফিল

চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের উদ্যোগ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)’র চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বিদেহী আত্মার মাগফেরাত কামনায় দোয়া ও মিলাদ মাহফিলের অনুষ্ঠিত

হয়েছে।

আজ শুক্রবার বিকাল সাড়ে চারটায় চুয়াডাঙ্গা ভি জে স্কুলের সামনে চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র দলীয় কার্যালয়ে এ দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সভাপতি শাহাজান খানের সভাপতিত্বে জাতীয়তাবাদী দল (বিএনপি)’র চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বিদেহী আত্মার শান্তি কামনার দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। পাশাপাশি দেশ ও জাতির কল্যাণে বিশেষ মোনাজাত করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সভাপতি শাহাজান খান, সাধারণ সম্পাদক মোমিন মালিতা, সিনিয়র যুগ্ম সম্পাদক জুয়েল মাহমুদ। আরও উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সহ-সভাপতি সাইফুল ইসলাম, হুমায়ূন কবির আকাশ, নাঈম হাসান, শাহাবুদ্দীন আহমেদ, শরিফুল ইসলাম ছোটন।

এছাড়াও উপস্থিত ছিলেন, জেলা ছাত্র দলের যুগ্ম সম্পাদক আমান উল্লাহ আমান, আরিফ আহমেদ শিপ্লব, সাদ্দাম হোসেন, শাকিল আহমেদ টুটু, সহ-সাধারণ সম্পাদক রমজান আলী ও শাহাজান আলী সান, সহসাংগঠনিক সম্পাদক তৌফিক আহমেদ ইরান, ইকরামুল হক ও রাশিদুল ইসলাম, অর্থ সম্পাদক খন্দকার রিজন আহমেদ, ক্রীড়া সম্পাদক বিক্রম সাদিক মিলন, স্কুল বিষয়ক সম্পাদক সাইমুম আহমেদ শান্ত, আপ্যায়ন সম্পাদক শুকুর আলী, সহযোগিতা সম্পাদক নাজমুল হাসান অনুষ্ঠানে অংশ নেন।

আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা পৌর ছাত্রদলের আহ্বায়ক কৌশিক আহমেদ রানা, সদস্য সচিব মাজেদুল আলম মেহেদী, সদর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব মাহবুবুর রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদক আকরামুল হোসেন সবুজ, ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি ছাত্রদলের সাধারণ সম্পাদক ইনতিয়ার হক স্বপ্নীল, সিনিয়র সহ-সভাপতি রিফাত উল হক, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজ ছাত্রদলের সভাপতি মাহমুদুল হাসান সান, পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মোস্তাফিজুর রহমান কনক, সরকারি কলেজ ছাত্রদলের সাবেক আহ্বায়ক ফয়সাল ইকবাল ও জেলা সদস্য রাহাত উল হকসহ জেলা ও উপজেলার বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গভীর শোক প্রকাশ করেছে।

শোকবার্তায় জেলা বিএনপির নেতৃবৃন্দ বলেন, বেগম খালেদা জিয়া বাংলাদেশের গণতন্ত্র পুনরুদ্ধার আন্দোলনের এক অবিসংবাদিত নেত্রী ছিলেন। দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও গণতন্ত্র রক্ষায় তার অবদান ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে।

এ সময় মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান দলীয় নেতা-কর্মীদের প্রতি শান্ত ও সংযত থাকার আহ্বান জানান। তিনি বলেন, এই শোকের মুহূর্তে সবাইকে ধৈর্য ধারণ করে দলের শৃঙ্খলা বজায় রাখতে হবে।

বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ে কোরআন খতম শেষে বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে দলীয় নেতা-কর্মীদের পাশাপাশি বিভিন্ন পর্যায়ের সমর্থকরাও অংশগ্রহণ করেন। দোয়া শেষে মহান আল্লাহর দরবারে মরহুমার আত্মার মাগফিরাত এবং জান্নাতুল ফেরদাউস কামনা করা হয়।

বেগম খালেদা জিয়ার মৃত্যুতে মেহেরপুরে বিএনপির শোক

বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে মেহেরপুরে গভীর শোক প্রকাশ করেছে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

দীর্ঘদিন ধরে ঢাকার এভার কেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে আজ মঙ্গলবার (৩০ ডিসেম্বর) ভোর ছয়টার দিকে তিনি ইন্তেকাল করেন। তার মৃত্যুর খবরে মেহেরপুরজুড়ে বিএনপি নেতাকর্মী ও সাধারণ মানুষের মাঝে নেমে আসে শোকের ছায়া।

খবর শোনামাত্রই শোকাহত বিএনপি নেতাকর্মীরা দলে দলে ছুটে যান মেহেরপুর-১ আসনের বিএনপির মনোনীত প্রার্থী ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের কাছে। এ সময় অনেক নেতাকর্মী কান্নায় ভেঙে পড়েন।

মাসুদ অরুন সবাইকে শান্ত থাকার আহ্বান জানিয়ে শোকের কালো ব্যাজ পরিয়ে দেন।

পরে মেহেরপুর কমিউনিটি সেন্টারের সামনে শোকাহত নেতাকর্মীদের নিয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন মাসুদ অরুন। তিনি বলেন, বেগম খালেদা জিয়ার মৃত্যুতে দেশ একজন অভিভাবকতুল্য নেত্রীকে হারাল। তার অবদান জাতি চিরদিন স্মরণ করবে।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি ইলিয়াস হোসেন, আনসারুল হক, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি মারুফ আহমেদ বিজন, পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনা, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুরে বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

জাতীয়তাবাদী মহিলা দলের উদ্যোগে বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।গতকাল রবিবার বিকেলে জেলা বিএনপির কার্যালয়ে এ দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সঞ্চালনা করেন জেলা মহিলা দলের উপদেষ্টা ও জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ। সভাপতিত্ব করেন মহিলা দলের সহ-সভাপতি সাবিহা সুলতানা।

দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি লতিফ বিশ্বাস এবং সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা বিএনপির সাবেক আইন বিষয়ক সম্পাদক, সাবেক

পিপি আবু সালেহ মোহাম্মদ নাসিম।

এছাড়া আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সদস্য ও সিনিয়র নেতা আনসারুল হক, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, মহিলা দলের নেত্রী নাজমুন নাহার রিনা, নোমিনা, রওশন আরা, সালমা মেরিনা, মনোয়ারা মেম্বারসহ দলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

দোয়া মাহফিলে বেগম খালেদা জিয়ার দ্রুত সুস্থতা এবং দীর্ঘায়ু কামনা করা হয়।

দর্শনায় বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় দোয়া

দর্শনায় জাতীয়তাবাদী শ্রমিকদলের উদ্যোগে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকেলে আছরের নামাজের পর দর্শনা মুক্তমঞ্চে এ দোয়া মাহফিল আয়োজন করা হয়। দলের নেতা-কর্মীরা সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দ্রুত রোগমুক্তি ও সুস্থতার জন্য দোয়া করেন।

দোয়া পরিচালনা করেন দর্শনা কেন্দ্রী জামে মসজিদের পেশ ইমাম জুনাইদ আল আজাদ।

দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা শ্রমিকদলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু, দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, অন্যতম সমন্বয়ক আলহাজ্ব মোঃ মশিউর রহমান, সমন্বয়ক লুৎফর রহমান, মাহবুবুর উল ইসলাম খোকন, রেজাউল হক, জেলা শ্রমিকদলের সাংগঠনিক সম্পাদক সাঈদ আহমেদ ফারুখ, আব্দুল মান্নান, সাবেক ভিপি হারুন অর রশিদ, রেলবাজার দোকান মালিক সমিতির সভাপতি তোফায়েল হোসেন, সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন রতন, শ্রমিক নেতা আলমগীর হোসেন, আলাউদ্দিন, স্বেচ্ছাসেবক দলের মান্নান

মাষ্টার, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি মুফা, সাধারণ সম্পাদক পলাশ, সাবেক সেনা সদস্য আব্দুল হামিদ। সেখানে আরও দলের বিভিন্ন নেতা-কর্মীও উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

মেহেরপুরে বিএনপি’র চেয়ারপার্সন সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

জাতীয়তাবাদী শ্রমিক দল, জেলা শাখার উদ্যোগে গতকাল শনিবার রাতে শহরের কমিউনিটি সেন্টার প্রাঙ্গণে এই দোয়া মাফফিলের আয়োজন করা হয়।

জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক সংসদ সদস্য ও বিএনপি মনোনীত প্রার্থী মাসুদ অরুণ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাড. মারুফ আহাম্মেদ বিজন।

এসময় বক্তারা বলেন, আজ আমরা উৎকণ্ঠিত, আমরা উদ্বিগ্ন। দেশনেত্রী যখন অসুস্থ, আমরা রাব্বুল আলামিনের কাছে দু’হাত তুলে প্রার্থনা করতে চাই। বাংলাদেশের এই সংকটকালীন সময়ে তিনি যেন তাঁর করুণা আমাদের ওপর বর্ষণ করেন।

আগামী দিনে আমরা একটি নতুন বাংলাদেশ গড়ে তুলতে চাই যে বাংলাদেশ হবে গণতন্ত্র, নিরাপত্তা ও মানুষের অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে প্রকৃত অর্থে মানুষের বাংলাদেশ।

তাই বেগম খালেদা জিয়া সুস্থতা কামনা করে আমরা সকলেই দোয়া করবো।

যেন তিনি আবারও এই বাংলাদেশের সেবা করার সুযোগ যেন আল্লাহপাক তাকে দেন। তাহলে আমরা এই বাংলার মানুষ যে আশা আকাঙ্খা নিয়ে আছি তা পূরণ হবে।

এসময় জেলা বিএনপির জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি এ. কে. এম. খাইরুল বাশার, সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা কৃষক দলের সভাপতি মাহবুবুর রহমান, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল হক কালুসহ শ্রমিকদলের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনার পরে বেগম খালেদা জিয়ার দ্রুত রোগ মুক্তি ও পরিপূর্ণ সুস্থতা কামনায় বিশেষ মোনাজাত করা হয় এবং উপস্থিত সকলের মাঝে তবারক বিতরণ করা হয়।

আমদহ ইউনিয়ন বিএনপির উদ্যোগে বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া-মাহফিল

বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার আশু রোগমুক্তি ও সুস্থতা কামনায় মেহেরপুর সদর উপজেলার আমদাহ ইউনিয়ন বিএনপি’র উদ্যোগে বিকেল ৫টায় আমদহ ইউনিয়নের আশরাফপুর স্কুল মাঠে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

নেতৃবৃন্দ বলেন, “দেশনেত্রী বেগম খালেদা জিয়া দীর্ঘদিন ধরে বিভিন্ন জটিল রোগে ভুগছেন। তাঁর দ্রুত সুস্থতা ও রোগমুক্তির জন্য দেশের সর্বস্তরের জনগণের কাছে আন্তরিক দোয়া কামনা করছি।” তারা আরও বলেন, বেগম জিয়ার সুস্থতাই এখন দলের সবচেয়ে বড় প্রার্থনা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা

বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি ছিলেন, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, জেলা বিএনপ’র সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ ও ওমর ফারুক লিটন, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি লতিফ বিশ্বাস, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, আমদাহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস হোসেন, সাধারণ সম্পাদক সাব্বির হোসেনসহ জেলা, উপজেলা, ইউনিয়ন ও অঙ্গ-সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

মোনাজাত শেষে উপস্থিত সকলের মাঝে তবারক বিতরণ করা হয়।

বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় মুজিবনগরে দোয়া মাহফিল

মুজিবনগরে বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও দীর্ঘায়ু কামনা করে দোয়া মাহফিল আয়োজন করেছে মেহেরপুর জেলা যুবদল।

বুধবার মেহেরপুরের মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সের ভিতরে অবস্থিত পর্যটন মোটেলে মেহেরপুর জেলা যুবদলের আয়োজনে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল ইসলামের সভাপতিত্বে দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক বিশ্বাস জাহিদ।

উপস্থিত ছিলেন জেলা যুবদলের সহসভাপতি বাবু সাবের, যুগ্ম সাধারণ সম্পাদক মেহেদী হাসান রোকন, সাইদুজ্জামান সুজন, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, পৌর যুবদলের আহ্বায়ক সামিউল আলম লিজন, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আখতারুজ্জামান সাগর, শফিকুল ইসলাম, শাহিনুজ্জামান শাহিনসহমুজিবনগর উপজেলা যুবদলের বিভিন্ন ইউনিটের নেতাকর্মী ও সমর্থকবৃন্দ।